বঙ্গোপসাগরে লঘুচাপের পূর্বাভাস, তাপমাত্রা কমার সম্ভাবনা

written by Chandradip News24 | November 23, 2024

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় আগামী ২৪ ঘণ্টার মধ্যে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। একই সঙ্গে সারা দেশে শেষরাত থেকে ভোর পর্যন্ত কুয়াশার পরিমাণ বাড়তে পারে। এর প্রভাবে আগামী ৭২ ঘণ্টায় রাত ও দিনের তাপমাত্রা কিছুটা হ্রাস পেতে পারে।

শুক্রবার (২২ নভেম্বর) সন্ধ্যায় প্রকাশিত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। এর বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। শনিবার সন্ধ্যা থেকে শুরু করে পরবর্তী কয়েকদিন সারা দেশের আবহাওয়া শুষ্ক থাকবে, তবে কোথাও কোথাও হালকা থেকে মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে।

আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় সারা দেশে রাতের তাপমাত্রা সামান্য কমবে এবং দিনের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে। একই পরিস্থিতি রবিবার পর্যন্ত বজায় থাকতে পারে, তবে ওইদিন

তাপমাত্রা আরও কমার সম্ভাবনা রয়েছে।

গত ২৪ ঘণ্টায় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস, যা কক্সবাজার ও কুতুবদিয়ায় রেকর্ড করা হয়। অন্যদিকে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে তেঁতুলিয়ায় ১৪.৩ ডিগ্রি সেলসিয়াস। এ সময়ে দেশের কোথাও বৃষ্টিপাত হয়নি।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম